ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৫০
আগরতলা,২১ জুলাই,২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'চিকিৎসার চেয়ে ভোগান্তিই বেশি, জর্জরিত দক্ষিণ জেলা হাসপাতাল' শিরোনামে ১১-০৭-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন স্পষ্টিকরণ দিয়েছে। স্পষ্টিকরণে বলা হয়েছে, দক্ষিণ জেলা হাসপাতালে পরিচ্ছন্নতা বজায় রাখা হয় না তথ্যটি সত্য নয়। তবে ব্যস্ততার সময়ে পার্কিং প্লেসে ঠিকমত জায়গার সংকুলান হয় না। ট্রমা কেয়ার সেন্টারে হাসপাতালের আপৎকালীন বিভাগ কাজ করছে। ও.পি.ডি. চলাকালীন সময়ে সমস্ত রোগীদের ও.পি.ডি.-তে দেখা হয় এবং সেক্ষেত্রে গুরুতর অসুস্থ রোগীদের অগ্রাধিকার দেওয়া হয়। কিছুদিন আগে নর্দমা সংক্রান্ত নিষ্কাশন ব্যবস্থায় সমস্যা ছিল কিন্তু ইতিমধ্যে তা সমাধান করা হয়েছে।

*****